

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
সৈয়দ মাহবুব মোরশেদ সরণি
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নং-১৫.৫৩.০০০০.০১১.২০.০৩৬.১৭-৪৪ ৩

তারিখঃ ১৩/০৯/২০১৭


বিষয়ঃ ২৮-০৮-২০১৭ ইং তারিখে বাংলাদেশ বেতারের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ জোরদারকরণের লক্ষ্যে “বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটির” অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব খান মো. রেজাউল করিম, পরিচালক(প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
সভার তারিখ : ২৮ আগস্ট ২০১৭, সময় সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের দপ্তর কক্ষ
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক”

পরিচালক (প্রশাসন ও অর্থ) মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। বাংলাদেশ বেতারের ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ জোরদারকরণের লক্ষ্যে সভায় উপস্থিত সকল সদস্যদের সাথে সভাপতি মহোদয়ের সাথে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। উক্ত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

- ১) তথ্য মন্ত্রণালয়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন-৩ এর আওতাভুক্ত লক্ষ্যমাত্রার মাসিক/ত্রৈমাসিক ভিত্তিক সঠিক ও বাস্তবভিত্তিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্রের আঞ্চলিক পরিচালককে সহযোগিতা প্রদানের জন্য প্রকৌশল ও বার্তা শাখাকে অনুরোধ জানানো হয়।
- ২) বাংলাদেশ বেতারের ওয়েবসাইটে প্রতি মাসের ১ম সপ্তাহে তথ্য বাতায়ন হালনাগাদকরণ বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশ প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৩) আগামী ১৫ অক্টোবরের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৪) বাংলাদেশ বেতারের নিরাপত্তা গেইটে টেলিফোন লাইন সহ সার্বক্ষণিক জনবলসহ একটি হেল্প ডেস্ক চালু করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৫) গত জুলাই/২০১৭ মাসে বাংলাদেশ বেতারের অডিট আপত্তি নিষ্পত্তির সংখ্যা ১৪ টি। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা অনুযায়ী অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রাখার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৬) তথ্য মন্ত্রণালয়ে মাসিক/ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণের নিমিত্তে বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্রের আঞ্চলিক পরিচালক কর্তৃক প্রস্তুতকৃত ছক সকল কেন্দ্র/ইউনিটে প্রেরণ করার সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
- ৭) বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকার অফিস ভবন ও ভবনে চারপার্শ্বে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা এবং ময়লা-আবর্জনা নির্দিষ্ট স্থানে ফেলার জন্য একাধিক ডাস্টবিন স্থাপনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, আগারগাঁও চত্বর পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য পরিচ্ছন্নতাকর্মীদের গ্রুপ ভিত্তিক কাজ করার ব্যাপারে সভায় সকলে একমত হন।

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



খান মো. রেজাউল করিম
পরিচালক (প্রশাসন ও অর্থ)

সদর দপ্তর

বাংলাদেশ বেতার

এবং

সভাপতি

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি

চলমান পাতা-২

স্বাক্ষরিত
১৫/১২/১৯
১৫/১২/১৯

১১ ২ ১১

নং-১৫.৫৩.০০০০.০১১.২০.০৩৬.১৭- ৪৪৩

তারিখঃ ১৬/০২/২০১৭

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১) উপ-মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ২) প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
- ৩) উপ-মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ৪) পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ৫) পরিচালক, কেন্দ্রীয় বার্তা/অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি কার্যক্রম/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/ বহির্বিষয় কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৬) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ৭) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।
- ৮) সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ/ জাতীয় বেতার ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৯) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা।
- ১০) আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, শাহবাগ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, লালমাই, কুমিল্লা।
- ১১) আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/কুমিল্লা।
- ১২) উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি।
- ১৩) জনাব আবুল হাসনাৎ মোঃ জাকির উদ্দিন, উপ-স্টেশন প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ১৪) জনাব মাহফুজুল হক, উপ-পরিচালক, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ১৫) জনাব তাপস চন্দ্র বোস, উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ১৬) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
- ১৭) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোহাম্মদ হামিদুর রহমান
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)

এবং

সদস্য সচিব

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত কমিটি